তারিখ: 15 JUN 2017
পৃষ্ঠা: ২৮ কলাম: ৪

কালের কণ্ঠ

লাঞ্ছিতের প্রতিবাদ

# হাবিপ্রবিতে শিক্ষকদের মানববন্ধন

দিনাজপুর প্রতিনিধি ▷

দিনাজপুরের হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (হাবিপ্রবি) শিক্ষকদের লাঞ্ছিতের প্রতিবাদে মানববন্ধন করেছেন প্রগতিশীল শিক্ষক ফোরামের সদস্যরা। গতকাল বুধবার প্রশাসনিক ভবনের সামনে মানববন্ধন শেষে টিএসসিতে সংবাদ সম্মেলন করেন তাঁরা।

ফলোআপ

সম্মেলনে সভাপতি ও হাবিপ্রবির সাবেক উপাচার্য অধ্যাপক রুহুল আমিন, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. বলরাম রায়, অধ্যাপক ড. নাজিমউদ্দিন, অধ্যাপক ড. বিকাশ চন্দ্র রায়, অধ্যাপক ড. আনিছ খান, সাবেক প্রক্টর অধ্যাপক ড. এ টি এম সফিকুল ইসলাম, অধ্যাপক ড. ফেরদৌস মাহবুবসহ ফোরামের অন্যরা উপস্থিত ছিলেন।

সম্মেলনে জানানো হয়, গত রবিবার কিছু শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর ইন্ধনে ফোরামের সভাপতির কক্ষে ভাঙচুর চালানো হয়েছে। সাবেক প্রক্টর অধ্যাপক শফিকুল ইসলাম এবং অধ্যাপক আনিস খানকে শারীরিকভাবে লাঞ্ছিত করা হয়েছে। এ ন্যক্কারজনক ঘটনার বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় প্রশাসন কোনো ধরনের শাস্তিমূলক ব্যবস্থা না নিয়ে বরং হামলাকারীদের প্রশ্রয় দিয়ে কয়েকজন সিনিয়র শিক্ষককে চরমভাবে অসম্মান করছে। অবিলম্বে ঘটনার সুষ্ঠু তদন্ত ও জড়িতদের বিচার দাবি জানিয়েছেন সম্মেলনে উপস্থিত নেতারা।

এর আগে মঙ্গলবার ফোরাম থেকে বেরিয়ে একই মতাদর্শের আরেকটি সংগঠন করেন কয়েকজন শিক্ষক। নবগঠিত 'মুক্তিযুদ্ধের চেতনা ও মূল্যবোধে বিশ্বাসী শিক্ষক পরিষদ'-এর সচিব হলেন অধ্যাপক ডা. ফজলুল হক।

প্রসঙ্গত, বিসিএসে ভর্তিসহ সরকারি চাকরির ক্ষেত্রে প্রবেশাধিকারের সুযোগ না থাকায় কৃষি ও কৃষি বাণিজ্য- এ দুটি অনার্স ডিগ্রির পরিবর্তে বিএসসি কৃষি অনার্স (সম্মান) ডিগ্রির দাবিতে আন্দোলন করে আসছেন কৃষি বাণিজ্যের শিক্ষার্থীরা। এ নিয়ে রবিবার শিক্ষক-শিক্ষার্থীদের মধ্যে অপ্রীতিকর ঘটনা ঘটে। একে কেন্দ্র করে সাবেক ও বর্তমান উপাচার্যের পক্ষ নিয়ে দুই ভাগে বিভক্ত হয়ে পড়েছে শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী এবং ছাত্রলীগ নেতাকর্মীরা।